

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৬০

আগরতলা, ৩ অক্টোবর, ২০২৪

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সম্পূর্ণ বিনামূল্যে হৃদযন্ত্রে জটিল ও ব্যায়সাধ্য সফল অস্ত্রোপচার

গোমতী জেলার উদয়পুরের বগারবাসা এলাকার বিপ্লব শর্মা ও সাগরিকা শর্মার একমাত্র পুত্র অরুণ শর্মা জন্ম থেকেই হৃদযন্ত্রে সমস্যা ছিল। আগরতলা জিবিপি হাসপাতালে গত ২৭ জুন ২০১৯ তার জন্ম হয়। জন্মের পরেই তার অস্থিরতার মাত্রা কম ছিল। তাই চিকিৎসকরা শিশুটিকে জিবিপি হাসপাতালের এনআইইউসি-তে ভেন্টিলেশনে রেখে চিকিৎসা করেন। তারপর ধীরে ধীরে শিশুটি সুস্থ হয়ে উঠলে, তাকে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। কিন্তু যতই দিন যাচ্ছিল শিশুটির মধ্যে নানা সমস্যা বৃদ্ধি পেতে থাকে। অল্প ছোটোছোটো করলেই সে হাঁপিয়ে যেত। তারপর বগারবাসা উপস্বাস্থ্য কেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম এক স্ক্রিনিং কর্মসূচিতে শিশুটিকে পরীক্ষা নিরীক্ষা করে। তাতে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম শিশুটির হৃদযন্ত্রের সমস্যাটির ব্যাপারে সন্দেহ করেন। শিশুটির পিতামাতা ও অভিভাবকদেরকে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম শিশুটির হৃদযন্ত্রে সমস্যার ব্যাপারে বুঝিয়ে বলেন এবং সম্পূর্ণ বিনামূল্যে উন্নত চিকিৎসার পরামর্শ দেন। তখন গোমতী জেলা রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের উদ্যোগে শিশুটির পিতামাতা শিশুটিকে নিয়ে গত ২১ মার্চ ২০২৪ আগরতলা আইজিএম হাসপাতালে নিয়ে যান। এদিনই আই জি এম হাসপাতালে শিশু রোগ বিশেষজ্ঞ ডাঃ গোপা চ্যাটার্জী শিশুটির ইকো কার্ডিওগ্রাফি পরীক্ষা করেন। আর এই পরীক্ষার রিপোর্টেই ভিত্তিতেই চিকিৎসকরা শিশুটির হৃদযন্ত্রে সমস্যাটি নিশ্চিত করেন। তারপর শিশুটিকে উন্নত চিকিৎসার রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের তরফে শিশুটিকে চেন্নাইয়ে অ্যাপেলো চিলড্রেন হাসপাতালে অস্ত্রোপচারের জন্য পাঠানোর ব্যবস্থা করেন। গত ২৩ জুলাই ২০২৪ শিশুটিকে চেন্নাইয়ে অ্যাপেলো চিলড্রেন হাসপাতালে নিয়ে ভর্তি করানো হয়। তার পরের দিনই ২৪ জুলাই ২০২৪ চেন্নাইয়ে অ্যাপেলো চিলড্রেন হাসপাতালে শিশুটির সফল অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচারের পর শিশুটি সুস্থ স্বাভাবিক থাকায় গত ২৬ জুলাই ২০২৪ হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। নিয়মিত শিশুটির শারীরিক পরিস্থিতির খোঁজ খবর নিচ্ছে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম। বিনামূল্যে এই জটিল ও ব্যায়সাধ্য অস্ত্রোপচারের সুযোগ পেয়ে শিশুটির পিতামাতা ও অভিভাবকগণ রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম সহ চিকিৎসকদের ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। উল্লেখ্য উক্ত টিমে ছিলেন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের গোমতী জেলার চিকিৎসক ডাঃ পূজা দেবনাথ, ডাঃ সৈকত ভৌমিক এবং ফার্মাসিস্ট প্রসেনজিৎ নমঃ সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
